



মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম

ইসলামিক ফাউন্ডেশন

(প্রতিষ্ঠাতা: জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান)

আগারগাঁও শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

(www.ifmoushik.gov.bd)

স্মারক নং- ১৬.০১.০০০০.০২৫.০৭.০১০.১৬/৯৫


তারিখ : ২৫/১১/২০১৮খ্রিঃ

মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম(৬ষ্ঠ পর্যায়) প্রকল্পের শিক্ষা কেন্দ্রের শিক্ষক নিয়োগ বিজ্ঞপ্তি

ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক বাস্তবায়নাধীন মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম(৬ষ্ঠ পর্যায়) প্রকল্পের আওতায় ৬৪টি জেলায় সম্পূর্ণ অস্থায়ীভাবে প্রকল্প মেয়াদকালীন (২০১৫-২০১৯) উপজেলা/ইউনিয়ন/ওয়ার্ড পর্যায়ে প্রাক-প্রাথমিক/সহজ কুরআন শিক্ষা কেন্দ্রের শিক্ষক হতে আত্মহী প্রার্থীদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

শর্তাবলীঃ

১. সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে এবং জেলা ইসলামিক ফাউন্ডেশন কার্যালয়ে কেন্দ্র এলাকার নাম/সংখ্যা ইত্যাদি জানা যাবে।
২. প্রাক-প্রাথমিক/কুরআন শিক্ষা কেন্দ্রের শিক্ষক পদে আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতা ক্বারীয়ানা সহ কমপক্ষে এসএসসি/দাখিল/সমমানের কওমী (কাফিয়া জামাত) পাশ হতে হবে। আবেদনকারীকে পবিত্র কুরআন শরীফ পাঠদানে পারদর্শী হতে হবে।
৩. শিক্ষক পদে আবেদনকারীর বয়স ১৮-৬০ বছরের মধ্যে থাকতে হবে।
৪. আবেদনপত্রে আবেদনকারীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, বয়স, জাতীয়তা, ধর্ম, শিক্ষাগত যোগ্যতা, বর্তমান ও স্থায়ী ঠিকানা, অভিজ্ঞতা, কেন্দ্রের নাম, ঠিকানা ও মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।
৫. আবেদনকারীকে আবেদনপত্রের সাথে শিক্ষাগত যোগ্যতার সনদ, ০২(দুই) কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্ব সনদের সত্যায়িত ফটোকপি এবং জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।
৬. সরকারি/সরকারি অনুদানপুস্ত কোন প্রতিষ্ঠানে আংশিক/পূর্ণভাবে চাকুরিতে নিযুক্ত থাকলে শিক্ষক পদে আবেদন করা যাবে না।
৭. আবেদনকারী যে কেন্দ্রের শিক্ষক ইচ্ছুক সেই কেন্দ্রের নাম এবং শিক্ষার্থীদের তালিকা আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। প্রাক-প্রাথমিক কেন্দ্রের জন্য ৪ হতে ৫+ বছর বয়সের ৩০জন শিক্ষার্থী এবং সহজ কুরআন শিক্ষা কেন্দ্রের জন্য ৩৫জন শিক্ষার্থীর তালিকা দিতে হবে।
৮. আবেদনকারীর বাসস্থান/বাড়ি তার কেন্দ্র এলাকার ৫০০ মিটারের মধ্যে হতে হবে।
৯. আগামী ২০/১২/২০১৮ তারিখ, বৃহস্পতিবার অফিস চলাকালীন নিজ নিজ জেলার ইসলামিক ফাউন্ডেশনের বিভাগীয়/জেলা কার্যালয়ের পরিচালক/উপ-পরিচালক বরাবরে ইসলামিক ফাউন্ডেশন অফিস/উপজেলা মডেল রিসোর্স সেন্টারে আবেদনপত্র জমা দিতে হবে। প্রকল্প কার্যালয়ে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।



(মোঃ হাবিবুর রহমান)

প্রকল্প পরিচালক(যুগ্ম সচিব)

ফোন : ০২-৮১৮১৫৫৪

E-mail : pdmbcmep@gmail.com